

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১-এর সেপ্টেম্বর, ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

**সভাপতি** - জনাব ফরিদা পারভীন, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার  
**স্থান** - কক্ষ নং-৩১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
**তারিখ ও সময়** - ১৮.১০.২০২০, বিকাল - ০৩.০০ টা

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় উপস্থিত সকল সদস্যের মতামতের উপর ভিত্তি করে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত নিম্নলিখিত বিষয়াদির উপর বিস্তারিত আলোচনা হয়ঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
আলোচ্যসূচী-১: গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি।	<p>১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সুষ্ঠু বাস্তবায়নের জন্য সকল শাখা/অধিশাখা প্রধানগণকে তাদের নিজ নিজ দায়িত্ব পালনে সচেষ্ট হওয়ার বিষয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে।</p> <p>২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের মাঠ পর্যায়ের কার্যক্রম ইতোমধ্যে ই-মনিটরিং/সরেজমিনে পরিদর্শন শুরু হয়েছে। পরিদর্শন সুপারিশ বাস্তবায়নে সংশ্লিষ্টদের ভূমিকা জোরদার করা আবশ্যিক।</p> <p>৩। সভাপতি মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখার মতামত প্রদান করেন।</p> <p>৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এই ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য সকল শাখা/অধিশাখাকে আরো সচেষ্ট হওয়ার বিষয়ে তাগিদ প্রদান করা যেতে পারে।</p>	<p>১। মাঠ পর্যায়ের কার্যক্রম ই-মনিটরিং/সরেজমিনে পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</p> <p>২। ই-মনিটরিং/সরেজমিনে পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নে সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধীনস্ত দপ্তর/সংস্থাকে তৎপর হতে হবে।</p> <p>৩। ২য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার জন্য সকল শাখা/অধিশাখা প্রধানগণ সচেষ্ট হবেন।</p>
আলোচ্যসূচী-২: ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি।	<p>১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) পুরোপুরি বাস্তবায়ন করার জন্য অধীনস্ত দপ্তর/সংস্থা কে তাদের উপর অর্পিত কার্যক্রম/প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে সময়বদ্ধভাবে শেষ করা প্রয়োজন।</p> <p>২। সভাপতি বলেন যে, এ লক্ষ্যে সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্টদেরকে জোরদার ভূমিকা পালন করতে হবে।</p>	<p>১। সকল কর্মসূচি/প্রকল্প পরিচালকগণ নিজ নিজ প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে সচেষ্ট হবেন।</p>
আলোচ্যসূচী-৩: বিবিধ	<p>১। সভাপতি বলেন যে, এপিএ বাস্তবায়নের সফলতা ও ব্যর্থতা সকল শাখা/অধিশাখার উপর বর্তাবে। তিনি এপিএ বাস্তবায়নে শাখা/অধিশাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবং এপিএ টিমের সকল সদস্যদের সচেষ্ট হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।</p>	<p>১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তাদের-কে সচেষ্ট হতে হবে।</p>

আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

স্বাঃ

১৮/১০/২০২০

(ফরিদা পারভীন)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং- ৩২.০০.০০০০.০১৮.১৬.০৩৮.২০-৫২৯

তারিখঃ ০৩.১২.২০২০

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ০৫। যুগ্ম-সচিব (মৰিত/শিশু ও সমৰ্থয়/প্রশাসন/উন্নয়ন/প্লাট/পরিঃ ও পরিঃ/পরি-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিঃ সহঃ সচিব (সকল)/সিঃ সহঃ প্রধান(প্লাট)/সহঃ সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/সুত্রঃ প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন, পরিঃও পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

  
০৩/১২/২০২০  
(মোহাম্মদ ইয়ামিন খান)  
(উপসচিব)  
ফোন-৯৫৪৫৯৯৬